# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৪. ইঞ্জিল ও নতুন নিয়মের কিছু বৈপরীত্য

সুপ্রিয় পাঠক, আপনি ক্যাথলিক বা প্রটেস্ট্যান্ট বাইবেল হাতে নিলেই দেখবেন যে, আকৃতিতে নতুন নিয়ম পুরাতন নিয়মের থেকে অনেক ছোট। নতুন নিয়ম ক্যাথলিক পুরাতন নিয়মের এক চতুথাংশের চেয়ে ছোট এবং প্রটেস্ট্যান্ট পুরাতন নিয়মের এক তৃতীয়াংশের চেয়েও ছোট। কিন্তু নতুন নিয়মের মধ্যে বিদ্যমান বৈপরীত্য পুরাতন নিয়মের মধ্যে বিদ্যমান বৈপরীত্যের চেয়ে অনেক বেশি। নতুন নিয়মের বৈপরীত্যগুলো আমরা ৫টা পরিচ্ছেদে আলোচনা করব।

যীশুই ইঞ্জিলগুলোর একমাত্র আলোচ্য বিষয়। কিন্তু যীশুকে নিয়ে ইঞ্জিলগুলোর মধ্যে অকল্পনীয় বৈপরীত্য বিদ্যমান। এ সকল বৈপরীত্যের কারণেই অনেক আধুনিক খ্রিষ্টান গবেষক অকপটে স্বীকার করেন যে, প্রচলিত ইঞ্জিলগুলো কখনোই যীশুর শিষ্যদের লেখা নয়, কোনো প্রত্যক্ষদর্শীর লেখা নয় এবং পবিত্র আত্মার প্রেরণায় লেখা কোনো ধর্মগ্রন্থ নয়। বরং কয়েক প্রজন্ম পরের কতিপয় অজ্ঞাত-পরিচয় লেখকের লেখা, যেগুলো আরো পরের মানুষদের দ্বারা সম্পাদিত। যীশু বিষয়ক বৈপরীত্যগুলো আমরা নিম্নের চারটা পরিচ্ছেদে আলোচনা করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13996

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন